



তারিখ : ০১ ডিসেম্বর, ২০২৪

স্মারক নং : রিহাব (অপা: ডি: ০০৭) রি: ফে:-২০২৪/০৩/১৬৭১১

বরাবর

সম্মানিত সদস্য ও অংশগ্রহণকারী প্রতিষ্ঠান

রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)।

সূত্র: স্মারক নং : রিহাব (অপা: ডি: ০০৭) রি: ফে:-২০২৪/০১/১৩৫৭৭ তারিখ : ২৩ অক্টোবর, ২০২৪

বিষয়ঃ “রিহাব ফেয়ার ২০২৪”-এ তারিখ পরিবর্তন।

জনাব

রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)- এর পক্ষ থেকে আপনাকে আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছি।

সূত্রে উল্লেখিত পত্র অনুসারে আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, আসন্ন রিহাব ফেয়ার ২০২৪ এর পূর্বনির্ধারিত তারিখ আগামী ২৪-২৮ ডিসেম্বর, ২০২৪ এর পরিবর্তে ২৩-২৭ ডিসেম্বর ২০২৪ বিআইসিসি, আগারগাঁও, ঢাকা-তে অনুষ্ঠিত হবে (নিম্নে মেলার সময়সূচী প্রদান করা হলে)।

মেলায় সময়সূচী
মেলায় ১ম দিন : ২৩ ডিসেম্বর, ২০২৪ (সোমবার), সময় : সকাল ১১:০০ টায় উদ্বোধনী অধিবেশন অনুষ্ঠিত হবে এবং দুপুর ২:০০ টা থেকে রাত ৯:০০ টা পর্যন্ত দর্শনার্থীদের জন্য মেলা প্রাঙ্গণ উন্মুক্ত থাকবে।
মেলায় ২য়-৫ম দিন: ২৪-২৭ ডিসেম্বর, ২০২৪ (মঙ্গলবার থেকে শুক্রবার), সময়: সকাল ১০:০০টা থেকে রাত ৯:০০টা পর্যন্ত দর্শনার্থীদের জন্য মেলা প্রাঙ্গণ উন্মুক্ত থাকবে।

এখানে উল্লেখ্য, স্বল্পসংখ্যক স্টল এখন অবশিষ্ট আছে, আপনাদের আগ্রহ ও অনুরোধের প্রেক্ষিতে আসন্ন রিহাব ফেয়ার-২০২৪ এ অংশগ্রহণে ইচ্ছুক রিহাব সদস্য সকল ডেভেলপার ও বিল্ডিং ম্যাটেরিয়াল প্রতিষ্ঠানসমূহকে আগামী ০৭ ডিসেম্বর, ২০২৪ (শনিবার) বর্ধিত সময়-এর মধ্যে “রিহাব” বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট রিহাব সচিবালয়ে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন বিহীন কোন প্রকল্প, প্লট, ফ্ল্যাট, কমার্শিয়াল স্পেস উপস্থাপন, প্রদর্শন ও বিপণন করার কোন সুযোগ মেলাতে থাকবে না। এই প্রেক্ষিতে ফেয়ারে আপনার প্রতিষ্ঠানের স্টল বুকিং নিশ্চিত করে রিহাবের আয়োজনকে সফল করতে সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে-

লিয়াকত আলী ভূইয়া

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট

রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ।

বিদ্রূপঃ- যে সকল প্রতিষ্ঠান ২০২৩ সালে (স্থগিত) রিহাব ফেয়ারের জন্য স্টল বুকিং সম্পন্ন করেছিলেন এবং ইতোমধ্যে যে সকল প্রতিষ্ঠান অংশগ্রহণ নিশ্চিত করেছেন, সে সকল প্রতিষ্ঠানসমূহকে স্ব-স্ব প্রতিষ্ঠানের কো-স্পন্সর প্রোফাইল/প্রজেক্ট ইনফরমেশন/বিজ্ঞাপন/ও অংশগ্রহণকারী প্রতিনিধিবৃন্দের তথ্যসমূহ হালনাগাদ করে জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

